MAR. 0 4 2001

ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ১০ কলাম ৪

# মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান

বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ফোর্সের নন-গেজেটেড পার্সোনেলসহ ক্লারিক্যাল স্টাফ এবং সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত থেকে বেতন গ্রহণকারী সকল শ্রেণীর মৃত, অবসরপ্রাপ্ত সরকারি এবং নির্দিষ্ট স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের সকল শ্রেণীর মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী (যারা বোর্ড অফ ট্রাস্টিজ, সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী কল্যাণ তহবিল ও যৌথ বীমা তহবিলের অর্ডিন্যান্স, ১৯৮২ ও ১৯৮৭ সালে সংশোধিত অর্ডিন্যান্সের বিধান অনুযায়ী কল্যাণ ভাতা পাওয়ার যোগ্য)-এর সন্তান-সন্ততিগণকে ২০০০-২০০১ অর্থবছর কল্যাণ তহবিল থেকে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

নির্দিষ্ট সংস্থাগুলো হচ্ছে : ট্রেডিং করপোরেন অফ বাংলাদেশ, বাংলাদেশ চা বোর্ড, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, বাংলাদেশ আণবিক শক্তি কমিশন, বাংলাদেশ মেডিকেল রিসার্চ কাউন্সিল, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড, বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল অ্যাসিস্ট্যান্স সেন্টার (বিটাক), রপ্তানি উন্নয়ন ব্যুরো, বোর্ড অফ ট্রাস্টিজ, যৌথ বীমা উইং, পোর্ট অফ মংলা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা জাদুঘর, ফার্মাসি কাউন্সিল অফ বাংলাদেশ, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, অভ্যন্তরীণ নৌপরিবহন (নিয়োগ নিয়ন্ত্রক) বোর্ড, নিউক্লিয়ার এগ্রিকালচার ইনিস্টিটিউট, ক্যাডেট কলেজসমূহ, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রসমূহ ও বাংলাদেশ ট্যারিফ কমিশন।

উপরোল্লিখিত মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীর প্রত্যেকের সর্বোচ্চ দুই সন্তানের নামে নবম শ্রেণী থেকে তদূর্ধ্ব শ্রেণী বা কোর্সে অধ্যয়নের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। প্রত্যেক ছাত্রছাত্রীকে বোর্ড অফ ট্রাস্টিজ-এর কল্যাণ তহবিলের নির্ধারিত ফরমে শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে হবে। আবেদনপত্রের সঙ্গে ছাত্রছাত্রী যে শ্রেণীতে বা কোর্সে অধ্যয়নরত আছে এর পূর্ববর্তী শ্রেণীর বার্ষিক পরীক্ষার মার্কশিট (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।

আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ ও ছাত্রের নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষর গ্রহণ করে সংশ্লিষ্ট মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের অফিসের মাধ্যমে একটি ফরওয়ার্ডিং চিঠি মারফত ৩০ এপ্রিল, ২০০১-এর মধ্যে 'প্রশাসনিক অফিসার, বোর্ড অফ ট্রাস্টিজ, কল্যাণ তহবিল উইং, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা) সেগুনবাগিচা, ঢাকা ১০০০' বরাবর প্রেরণ করতে হবে।

উল্লিখিত তারিখের পর কোনো শিক্ষাবৃত্তি আবেদনপত্র বিবেচনা করা হবে না। সংশ্লিষ্ট ছাত্রছাত্রী বোর্ড অফ ট্রাস্টিজ-এর কল্যাণ তহবিলের অফিস থেকে ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে ৪ টাকার ডাকটিকিট সংবলিত ১০″ X ৫″ সাইজের খাম প্রেরণপূর্বক শিক্ষাবৃত্তির ফরম সংগ্রহ করতে পারবেন। তথ্য বিবরণী।